

দুটি সন্তানের বেশি নয়
একটি হলে ভাল হয়

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিবার পরিকল্পনা অধিদপ্তর
৬, কাওরান বাজার, ঢাকা-১২১৫
(www.dgfp.gov.bd)

স্মারক নং-পপঅ/প্রশা-১/পরিপত্র/সার্কুলার/৩৫০/২০১৬/ ১৯৮০

তারিখ : ২৩/০৬/২০১৬ খ্রি.

পরিপত্র

সাম্প্রতিক সময়ে লক্ষ্য করা যাচ্ছে যে, পরিবার পরিকল্পনা অধিদপ্তরাধীন জেলা পর্যায়ে জেলা কনসালটেন্ট (এফসিএস-কিউআইটি) এর কার্যালয় এবং উপজেলা পর্যায়ে মেডিকেল অফিসার (এমসিএইচ-এফপি) এর কার্যালয় নামে চিঠিপত্র ইস্যু করা হচ্ছে যা সম্পূর্ণ বিধি বহির্ভূত। পরিবার পরিকল্পনা অধিদপ্তরের অনুমোদিত সাংগঠনিক কাঠামো অনুযায়ী বিভাগীয় পর্যায়ে “বিভাগীয় পরিবার পরিকল্পনা কার্যালয়”, জেলা পর্যায়ে “জেলা পরিবার পরিকল্পনা কার্যালয়” এবং উপজেলা পর্যায়ে “উপজেলা পরিবার পরিকল্পনা কার্যালয়” নামে অফিস রয়েছে। এর বাইরে বিভাগ, জেলা এবং উপজেলা পর্যায়ে পরিবার পরিকল্পনা অধিদপ্তরাধীন আলাদা কোন কার্যালয় এর অস্তিত্ব নেই। এ বিষয়ে নিম্নোক্ত নির্দেশনাসমূহ জারী করা হলো :

- ০১। ডিস্ট্রিক্ট কনসালটেন্ট (এফসিএস-কিউআইটি)গণ উপপরিচালক, পরিবার পরিকল্পনা এর প্রশাসনিক নিয়ন্ত্রণাধীনে থেকে সকল কার্যক্রম বাস্তবায়ন করবেন এবং জেলা পরিবার পরিকল্পনা কার্যালয়ে বসে তার উপর অর্পিত দায়িত্ব পালন করবেন।
- ০২। রিজিওনাল কনসালটেন্ট (এফসিএস-কিউআইটি)গণও সংশ্লিষ্ট জেলার উপপরিচালক এর নিয়ন্ত্রণাধীনে থেকে অর্পিত দায়িত্ব পালন করবেন।
- ০৩। জেলা এবং তদনিম্ন পর্যায়ে সকল কর্মকর্তা/কর্মচারী উপপরিচালক, পরিবার পরিকল্পনা এর প্রশাসনিক নিয়ন্ত্রণে কাজ করবেন এবং সকল কার্যক্রম তার নিয়ন্ত্রণে বাস্তবায়ন হবে।
- ০৪। উপজেলা পর্যায়ে “উপজেলা পরিবার পরিকল্পনা কার্যালয়” এর আওতাধীন উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা নন-ক্লিনিক্যাল অধিক্ষেত্রের দায়িত্ব এবং মেডিকেল অফিসার (এমসিএইচ-এফপি) ক্লিনিক্যাল অধিক্ষেত্রের আয়ন-ব্যয়ন কর্মকর্তা হিসেবে দায়িত্ব পালন করবেন।

সংশ্লিষ্ট সকলকে উক্ত নির্দেশনাসমূহ যথাযথভাবে প্রতিপালন করার জন্য নির্দেশ দেয়া হলো।

(কাজী মোস্তফা সারোয়ার)
মহাপরিচালক
পরিবার পরিকল্পনা অধিদপ্তর

বিতরণঃ

- ০১। পরিচালক/লাইন ডাইরেক্টর (সকল), এ অধিদপ্তর।
- ০২। পরিচালক, পরিবার পরিকল্পনা, ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/বরিশাল/সিলেট/রংপুর বিভাগ।
- ০৩। উপপরিচালক, পরিবার পরিকল্পনা (সকল) জেলা।
- ০৪। সহকারী পরিচালক (পরিবার পরিকল্পনা/সিসি), ----- জেলা।
- ০৫। মেডিকেল অফিসার (সিসি/ক্লিনিক),
- ০৬। রিজিওনাল কনসালটেন্ট (এফসিএস-কিউআইটি)/ডিস্ট্রিক্ট কনসালটেন্ট (এফসিএস-কিউআইটি), -----
।
- ০৭। উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা/মেডিকেল অফিসার (এমসিএইচ-এফপি),
.....
- ০৮। জেলা/উপজেলা হিসাব রক্ষণ কর্মকর্তা,

সদয় জ্ঞাতার্থেঃ

- ০১। অতিরিক্ত সচিব (প্রশাসন), স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ০২। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।